গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
বাজেট ও পরিকল্পনা-২ অধিশাখা
www.mof.gov.bd

**অর্থ বিভাগের ২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের লক্ষ্যে এপিএ টিমের সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | তাহমিদ হাসনাত খান<br>অতিরিক্ত সচিব (প্রশাসন ও টিডিএম)<br>ও<br>টিম লিডার, এপিএ টিম<br>অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়। |
| তারিখ | : | ২৬ সেপ্টেম্বর ২০২৩ |
| সময় | : | সকাল ১০.৩০ টা |
| স্থান | : | কক্ষ নং- ৮২১, ভবন নং-১১। |

সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট-'ক'

সভার শুরুতে উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভাপতি বলেন, বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি এবং সুশাসন মূলক পাঁচটি কর্মপরিকল্পনার প্রতিটি কার্যক্রমের লক্ষ্যমাত্রা সুনির্দিষ্ট ও সময়াবদ্ধ। তাই সময়মতো ও লক্ষ্যমাত্রা অনুযায়ী কার্যক্রম সম্পাদনের কোনো বিকল্প নেই। অতঃপর তিনি আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম আরম্ভের জন্য বাজেট ও পরিকল্পনা-২ শাখার উপসচিব এ বি এম ইফতেখারুল ইসলাম খন্দকার-কে অনুরোধ জানান। উপসচিব, বাজেট ও পরিকল্পনা-২ অর্থ বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি এবং সুশাসনমূলক পাঁচটি কর্মপরিকল্পনার অনুবিভাগ, অধিশাখা ও শাখা ভিত্তিক কার্যক্রম সম্পর্কিত একটি বিস্তারিত উপস্থাপনা সভায় তুলে ধরেন। উপস্থাপিত বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ০১. | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ও সুশাসনমূলক পাঁচটি কর্মপরিকল্পনার প্রথম ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন আগামী ০৪ অক্টোবর ২০২৩ তারিখের মধ্যে বাজেট ও পরিকল্পনা-২ শাখায় প্রেরণ করতে হবে। | সংশ্লিষ্ট সকল অনুবিভাগ/ অধিশাখা/ শাখা |
| ০২. | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ও সুশাসনমূলক পাঁচটি কর্মপরিকল্পনার প্রতিটি কার্যক্রম লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | সংশ্লিষ্ট সকল অনুবিভাগ/ অধিশাখা/ শাখা |
| ০৩. | অর্থ বিভাগের ই-নথি সংক্রান্ত কার্যক্রম/প্রতিবেদন বিশ্লেষণপূর্বক ই-নথি কার্যক্রম জোরদারকরণের নিমিত্ত করণীয় নির্ধারণে একটি কর্মশালা আয়োজন করতে হবে। | প্রশিক্ষণ শাখা |
| ০৪. | বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি ও শুদ্ধাচার কর্মপরিকল্পনার আওতায় সকল পরিদর্শন কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে। | অর্থনৈতিক উপদেষ্টা অনুবিভাগ, প্রশাসন-২ শাখা, বাজেট- ১১ শাখা |
| ০৫. | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী পরিদর্শনে প্রাপ্ত পর্যবেক্ষণসমূহ বাস্তবায়ন (২০২৩-২৪ অর্থবছরে বাস্তবায়নযোগ্য) প্রতিবেদন দাখিল নিশ্চিত করতে হবে। | অর্থনৈতিক উপদেষ্টা অনুবিভাগ, প্রশাসন-২ শাখা, বাজেট- ১১ শাখা, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয় |
| ০৬. | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ও শুদ্ধাচার কর্মপরিকল্পনার আওতায় পরিদর্শন কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য পরিদর্শনকারী কর্মকর্তাগণের সমন্বয়ে একটি কর্মশালা আয়োজন করতে হবে। | প্রশিক্ষণ শাখা |

| | | |
|---|---|---|
| ০৭. | ই-গভর্নেন্স ও উদ্ভাবন বিষয়ক কর্মপরিকল্পনার আওতায় অর্থ বিভাগের স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মপরিকল্পনা প্রণয়নে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে নিম্নবর্ণিত কর্মকর্তাদের সমন্বয়ে একটি কমিটি গঠনের সুপারিশ করা হলো:<br>ক) জনাব মোহাম্মদ সাইফুল ইসলাম, অতিরিক্ত সচিব (বাজেট-২), অর্থ বিভাগ।<br>খ) জনাব মোঃ আবুল বাশার, যুগ্মসচিব (বাজেট ও পরিকল্পনা), অর্থ বিভাগ।<br>গ) ড.মোহাম্মদ হোসেন, যুগ্মসচিব (iBAS++), অর্থ বিভাগ।<br>ঘ) জনাব মোহাম্মদ জাকির হোসেন, উপসচিব (বাজেট-১১), অর্থ বিভাগ।<br>ঙ) ড.শিরিন সবনম, উপসচিব (বাজেট-১০), অর্থ বিভাগ।<br>চ) জনাব এ বি এম ইফতেখারুল ইসলাম খন্দকার, উপসচিব (বাজেট ও পরিকল্পনা-২), অর্থ বিভাগ।<br>ছ) জনাব রওশন আরা লাবনী, উপসচিব (প্রশিক্ষণ), অর্থ বিভাগ।<br>জ) জনাব মোঃ আব্দুস সালাম শাহ্, সিস্টেম এনালিষ্ট (এফএসএমইউ), অর্থ বিভাগ। | বাজেট ও পরিকল্পনা-২ শাখা |
| ০৮. | বার্ষিক কর্ম সম্পাদন চুক্তির ১.১ নং কার্যক্রমের ১.১.১ নং কর্মসম্পাদন সূচক সংশোধন প্রস্তাব নিম্নরূপে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে:<br>"নতুন মডিউল প্রস্তুতকৃত এবং ৯ম গ্রেড ও তদূর্ধ্ব কর্মকর্তাদের ক্ষেত্রে পাইলটিং বাস্তবায়নকৃত" | বাজেট ও পরিকল্পনা-২ শাখা |
| ০৯. | বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ২.৩ নং কার্যক্রমের ২.৩.১ নং কর্মসম্পাদন সূচকের লক্ষ্যমাত্রা সংশোধন প্রস্তাব নিম্নরূপে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে:<br>"অসাধারণ-৭৫%, অতি উত্তম ৬৫%" | বাজেট ও পরিকল্পনা-২ শাখা |
| ১০. | বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ২.৪ নং কার্যক্রমের লক্ষ্যমাত্রা সংশোধন প্রস্তাব নিম্নরূপে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে:<br>"বাজেট প্রণয়ন প্রক্রিয়ায় সংশ্লিষ্ট অংশীজনের সঙ্গে আলোচনা ও পরামর্শ" | বাজেট ও পরিকল্পনা-২ শাখা |
| ১১. | বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ৩.৪ নং কার্যক্রমের সংশোধন প্রস্তাব নিম্নরূপে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে:<br>"বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা ২০২৪ (বাংলা) ওয়েবসাইটে প্রকাশ" | বাজেট ও পরিকল্পনা-২ শাখা |

০২। আর কোনো আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(তাহমিদ হাসনাত খান)
অতিরিক্ত সচিব (প্রশাসন ও টিডিএম)
ও
টিম লিডার, এপিএ টিম
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।

নম্বরঃ ০৭.০০.০০০০.০৩৩.১৬.০০১.২৩-০৫

তারিখঃ ১১ আশ্বিন ১৪৩০ / ২৬ সেপ্টেম্বর ২০২৩

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা।
২। অতিরিক্ত সচিব, প্রশাসন ও সমন্বয়/ অর্থনৈতিক উপদেষ্টা, অর্থ বিভাগ।
৩। অতিরিক্ত সচিব, প্রবিধি ও প্রোগ্রাম এক্সিকিউটিভ অ্যান্ড কোঅর্ডিনেটর, ইমপ্রুভমেন্ট অফ পাবলিক ফাইন্যান্সিয়াল সার্ভিসেস ডেলিভারি থ্রু ইমপ্লিমেন্টেশন অফ বিএসিএস অ্যান্ড আইবাস, অর্থ বিভাগ।
৪। যুগ্মসচিব, ব্যয় ব্যবস্থাপনা-১/ বাজেট ও পরিকল্পনা/প্রশাসন/গৃহ নির্মাণ ঋণ অধিশাখা/অতিরিক্ত মহাপরিচালক-২ (মনিটরিং সেল), প্রবিধি-২/রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান-১, অর্থ বিভাগ।
৫। উপসচিব, এনটিআর-২/ প্রশাসন-২/ সামষ্টিক অর্থনীতি-১/বাস্তবায়ন-১/ বাজেট- ১/ বাজেট-৩/ বাজেট-১১/ প্রশিক্ষণ/প্রশাসন-১, অর্থ বিভাগ।
৬। সিনিয়র সহকারী সচিব, কর্মসূচি প্রবীক্ষণ-৪, অর্থ বিভাগ।

৭। সিস্টেম এনালিস্ট (এফএসএমইউ), অর্থ বিভাগ।
৮। উপ হিসাব মহানিয়ন্ত্রক (বাজেট ও ব্যয় ব্যবস্থাপনা), হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৯। সহকারী সচিব, প্রশাসন শাখা-০৬, অর্থ বিভাগ।
১০। হিসাব রক্ষণ কর্মকর্তা, অর্থ বিভাগ।

অনুলিপি সদয় অবগতি/অবগতির জন্য প্রেরণ করা হলো:

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। অতিরিক্ত সচিব (প্রশাসন ও টিডিএম) ও সভাপতি এপিএ টিম, মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, অর্থ বিভাগ।
৩। অফিস কপি।

২৮/০৭/২০২৫

এ বি এম ইফতেখারুল ইসলাম খন্দকার
উপসচিব